গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়: চলতি ২০২১-২২ অর্থবছরে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাত হতে ইউনিয়ন পরিষদসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ বিভিন্ন উপজেলা হিসাবরক্ষণ অফিস হতে ছাড়করণে উদ্ভুত জটিলতা নিরাসনে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মরণ কুমার চক্রবর্তী, অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ |
| সভার স্থান | : | ভবন নং-০৭, কক্ষ নং-৬২৫, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ১৮/০৪/২০২২, সময়: দুপুর ১২.০০ ঘটিকা |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের উপসচিব (ইউপি-২), জনাব মো: আকবর হোসেন সভায় জানান যে, চলতি ২০২১-২২ অর্থবছরে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাত হতে ইউনিয়ন পরিষদসমূহের অনুকূলে বিবিজি'র ১ম কিস্তি বাবদ অর্থ ছাড় করা হয়েছে। খুব শিঘ্রই বিবিজি ২য় কিস্তি ও পিবিজি বাবদ অর্থ ছাড় করা হবে। ইউনিয়ন পরিষদের ১ম কিস্তির অর্থের বিল সংশ্লিষ্ট উপজেলা হিসাবরক্ষণ অফিস হতে পাশ ও ইউনিয়ন পরিষদের ব্যাংক হিসাবে জমাকরণে বিবিধ জটিলতার সৃষ্টি হচ্ছে। ইউনিয়ন পরিষদ কর্তৃক দাখিলকৃত বিল ছাড়করণে সৃষ্ট জটিলতাসমূহ নিম্নরূপঃ

(ক) স্থানীয় সরকার বিভাগের বরাদ্দপত্রে অগ্রিম প্রদানের কথা উল্লেখ না থাকায় অগ্রিম দেওয়া যাবে না মর্মে কিছু সংখ্যক উপজেলা হিসাররক্ষণ অফিস হতে জানানো হয়েছে;

(খ) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় হতে বরাদ্দপত্রের অ্যাম্বোস সীলযুক্ত এনডোর্স কপি না পাওয়ায় কোন কোন উপজেলা হিসাবরক্ষণ অফিস হতে বিল পাশ ও অর্থছাড় করা হচ্ছে না;

(গ) ইউনিয়ন পরিষদের টিআইএন নম্বর ব্যতিত কিছু সংখ্যক ইউনিয়নের বিল পাশ করা হলেও অধিকাংশ ইউনিয়ন পরিষদের বিল পাশ করা হচ্ছে না;

(ঘ) কোন কোন উপজেলায় হিসাবরক্ষণ অফিসারের কার্যালয় হতে ভ্যাট-ট্যাক্স কর্তন ছাড়া বিল প্রদান করা যাবে না মর্মে জানানো হয়েছে;

(ঙ) আইবাস রিপোর্ট এ ডিডিও ইউএনও আবার অর্থ ছাড় পত্রে বিল প্রদানের জন্য বলা হয়েছে ইউনিয়ন পরিষদের ব্যাংক হিসাবে। এ কারণে কোন কোন উপজেলা হিসাবরক্ষণ অফিস হতে বিল ছাড় হচ্ছে না;

(চ) গোপালগঞ্জ সদর উপজেলার ২১টি ইউনিয়নের বিলের সাথে খরচের ভাউচার সংযুক্ত না করায় কোন বিল হিসাবরক্ষণ অফিস গ্রহণ করেনি। খরচের ভাউচার ব্যতিত কোন কোন বিল গ্রহণ ও পাশ করা হচ্ছে না;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য:

০৩। স্থানীয় সরকার বিভাগের চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার সভায় জানান, কোন কোন উপজেলা হিসাবরক্ষণ অফিস হতে চেয়ারম্যানদের টিআইএন নম্বর চাওয়া এবং টিআরফরম-৩২ এর স্থলে ২১ এ বিল প্রদানের বিষয়টি তিনি অবগত হয়েছেন। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জিও অনুযায়ী বরাদ্দকৃত অর্থ উত্তোলনের জন্য টিআরফরম-৩২ এ বিল প্রস্তুত করে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ বিল সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসে দাখিল করা যেতে পারে। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তর উক্ত বিলের বিপরীতে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল ব্যবহার সংক্রান্ত ব্যাংক হিসাবের শিরোনাম ও হিসাব নম্বর উল্লেখপূর্বক একাউন্ট পেয়ী চেক ইস্যু করবে/স্থানীয় সোনালী ব্যাংক লিমিটেডকে এ্যাডভাইস প্রেরণ করবে। তিনি এ বিষয়সমূহ জিওতে উল্লেখ করার জন্য অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতের বরাদ্দের বিল পাসের ক্ষেত্রে টিআইএন নম্বর/NID নম্বর না থাকায় দেশের কোন কোন উপজেলায় উত্থাপিত আপত্তির প্রেক্ষিতে SPFMS প্রোগ্রাম হতে iBAS++ সফটওয়্যারে অতি সম্প্রতি বিকল্প ব্যবস্থা করা হয়েছে মর্মে তিনি অবগত আছেন মর্মে জানান। ইউনিয়ন পরিষদের অর্থ অগ্রিম প্রদান করা হলে অর্থবছর সমাপ্তিতে ৩০শে জুন হিসাব সমন্বয় করতে হবে।

০৪। এলজিএসপি-৩ প্রকল্পের সিনিয়র লোকাল গভর্ণমেন্ট স্পেশালিস্ট সভায় জানান যে, উপজেলা হিসাবরক্ষণ অফিস হতে টিআরফরম-৩২ এর পরিবর্তে ২১ এ কিছু সংখ্যক ইউনিয়ন পরিষদের বিল প্রস্তুত ও পাশ করা হলেও অধিকাংশ ইউনিয়ন পরিষদের বিল পাশ করা হয়নি। তিনি হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় কর্তৃক জারীকৃত ০৭/০৫/২০১৯ তারিখের ০৭.০৩.০০০০.০১০.১১.৮৬৭.১৯-৯৩০ নং পত্রের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। উক্ত পত্রে বলা আছে, স্থানীয় সরকার বিভাগ হতে ইউনিয়ন পরিষদের নাম ও অর্থের পরিমাণ উল্লেখ করে অর্থ ছাড়ের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবরে কিস্তি ভিত্তিক একটি সরকারি আদেশ (জিও) জারী করবে। সিএএফও, স্থানীয় সরকার বিভাগ উক্ত সরকারি আদেশ (জিও) জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবর এন্ডোর্স করবেন। টিআরফরম নং-৩২ মোতাবেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জিও অনুযায়ী তহবিলের অর্থ উত্তোলনের জন্য সংশ্লিস্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরে একটি বিল জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসে দাখিল করবেন। জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিস ইউনিয়ন পরিষদ উন্নয়ন অনুদানের অর্থের জন্য খোলা ব্যাংক একাউন্টের বিপরীতে একাউন্ট পেয়ী চেক/এ্যাডভাইস ইস্যু করবে। তিনি আরও জানান এলজিএসপি'র বরাদ্দের রোল-ওভার আছে, ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তার অর্থ ব্যয়ের ক্ষেত্রেও রোল-ওভারের আবশ্যকতা রয়েছে। অর্থ বিভাগ হতে রোল-ওভার সংক্রান্ত পত্র জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

**০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :**

(ক) স্থানীয় সরকার বিভাগ ইউনিয়ন পরিষদের নাম ও অর্থের পরিমাণ উল্লেখ করে অর্থ ছাড়ের জন্য চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ বরাবর কিস্তি ভিত্তিক অর্থছাড়ের জন্য একটি সরকারি আদেশ (জিও) জারী করবে। উক্ত জিও'তে (i) টিআরফরম নং-৩২ এ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জিও অনুযায়ী তহবিলের অর্থ উত্তোলনের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরে (ডিডিও) একটি বিল প্রস্তুত করে জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসে দাখিল করবেন; (ii) জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তর উক্ত বিলের বিপরীতে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল ব্যবহার সংক্রান্ত ব্যাংক হিসাবের শিরোনাম ও হিসাব নম্বর উল্লেখপূর্বক একাউন্ট পেয়ী চেক/এ্যাডভাইস ইস্যু করবে; (iii) জেলা হিসাবরক্ষণ অফিস হতে ইউনিয়ন পরিষদ কর্তৃক পরিচালিত ব্যাংক হিসাবে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিলের অর্থ স্থানান্তরিত হবে এবং উপজেলা হিসাবরক্ষণ অফিসের প্রেরিত এ্যাডভাইসের প্রেক্ষিতে সোনালী ব্যাংক লিমিটেড সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ব্যাংক হিসাবে অর্থ স্থানান্তর করবে এবং (iv) উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জিও অনুযায়ী বরাদ্দকৃত অর্থ উত্তোলনের জন্য ডিডিও হিসাবে দায়িত্ব পালন করবেন। এতদ্সংক্রান্ত বিষয়সমূহ জিওতে উল্লেখ করতে হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য:

(খ) স্থানীয় সরকার বিভাগের চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার এর কাযালয় হতে জিও'র কপি এন্ডোর্স করে সকল জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসে দ্রুত প্রেরণের ব্যবস্থা করবে। এতদ্সংক্রান্ত বিষয়ে হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় হতে ইতোপূর্বে জারীকৃত ০৭.০৫.২০১৯ তারিখের ০৭.০৩.০০০০.০১০.১১.৮৬৭.১৯-৯৩০ নং পত্রটি সকল জেলা/উপজেলা হিসাব-রক্ষণ কার্যালয়ে পত্র পূণ: প্রেরণের বিষয়ে তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(গ) স্থানীয় সরকার বিভাগ ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তার অর্থ ব্যয়ে রোল-ওভারের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হতে পত্র জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(ঘ) ইউনিয়ন পরিষদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে রোল-ওভার ব্যবস্থা না থাকলে অর্থবছর সমাপ্তিতে ৩০ জুন অব্যয়িত অর্থ ফেরত প্রদান করতে হবে।

০৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মরণ কুমার চক্রবর্তী)
অতিরিক্ত সচিব
স্থানীয় সরকার বিভাগ
ফোনঃ ০২২২৩৩৮৮৭২৭

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০২.১৭ (অংশ-২)- ২৭৬

তারিখ : ২৮ বৈশাখ ১৪২৯
১১ মে ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [উপ-সচিব, বাজেট-১১ শাখা]

২। অতিরিক্ত সচিব (ইউপি), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। প্রকল্প পরিচালক, লোকাল গভন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩) সিটি সেন্টার, মতিঝিল, ঢাকা।

৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

৫। উপসচিব ইউপি-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। উপপ্রকল্প পরিচালক (প্রশাসন, অর্থ ও ক্রয়), এলজিএসপি-৩, মতিঝিল, ঢাকা।

৭। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। সিনিয়র লোকাল গভর্ণমেন্ট স্পেশালিস্ট/সিনিয়র গ্রান্ট ম্যানেজমেন্ট স্পেশালিস্ট,এলজিএসপি-৩, সিটি সেন্টার, মতিঝিল, ঢাকা।

৯। সিনিয়র গ্রান্ট ম্যানেজমেন্ট স্পেশালিস্ট, এলজিএসপি-৩, সিটি সেন্টার, মতিঝিল, ঢাকা।

১০। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১১। গ্রান্ট ম্যানেজমেন্ট এসোসিয়েট, এলজিএসপি-৩, সিটি সেন্টার, মতিঝিল, ঢাকা।

১২। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মো: আকবর হোসেন)
উপসচিব
ফোন : ৯৫১৪১৯০
lgup2@lgd.gov.bd